



স্মারক নং-১২.০১.০০০০.০০০.১৪.০০৯.২০/২৬৬৬(১০৮৩)

তারিখঃ ২৫/০৮/২০২১ খ্রিঃ

বরাবর

উপজেলা কৃষি অফিসার

..... উপজেলা..... জেলা।

বিষয়ঃ ২০২১-২২ অর্থ বছরে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদানের জন্য কৃষি যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষকের অগ্রাধিকার তালিকা প্রেরণ প্রসঙ্গে।

বর্নিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ” শীর্ষক প্রকল্পের মাধ্যমে কৃষি যন্ত্রে উন্নয়ন সহায়তা প্রদান করা হবে। এ প্রেক্ষিতে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) কার্যাদি সম্পাদনের লক্ষ্যে নিম্নরূপ কার্যক্রম বাস্তবায়ন করা অতীব জরুরী :

- উন্নয়ন সহায়তা মূল্যে যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষক/কৃষক গুপ/ সেবা প্রদানকারীদের চাহিদা অনুযায়ী আবেদনের প্রেক্ষিতে যন্ত্রভিত্তিক অগ্রাধিকার তালিকা Email No: mechanizationdae@gmail.com তে অতিসম্পন্ন প্রেরণের জন্য বলা হলো।
- অগ্রাধিকার তালিকা উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে এবং প্রেরিত অগ্রাধিকার তালিকায় আবশ্যিকভাবে উপজেলা কৃষি অফিসার ও উপজেলা নির্বাহী কর্মকর্তার (পুনর্বাসন কমিটির সদস্য সচিব ও সভাপতি) স্বাক্ষর থাকতে হবে।
- দেশের হাওর ও উপকূলীয় এলাকার নির্ধারিত ইউনিয়নের কৃষকগণ ৭০% এবং বাকী সমগ্র এলাকার কৃষকগণ ৫০% হারে উন্নয়ন সহায়তা পাবেন।
- যন্ত্রভিত্তিক অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানের তালিকা সংযুক্ত করা হলো এবং পরবর্তীতে বাকী অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানের তালিকা প্রেরণ করা হবে।


সরকারের উন্নয়ন সহায়তা (ভর্তুকি) কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরার লক্ষ্যে নিম্নে সংযুক্তি অনুসরণপূর্বক সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:

- কৃষি যন্ত্রপাতির অনুকূলে উন্নয়ন সহায়তা প্রদান পদ্ধতি (পরিশিষ্ট-‘ক’) ৪ ফর্দ।
- প্রকল্পের উন্নয়ন সহায়তার আওতায় অনুমোদিত যন্ত্র সরবরাহকারী প্রতিষ্ঠানের তালিকা ও যন্ত্রভিত্তিক নির্ধারিত উন্নয়ন সহায়তার অর্থ (পরিশিষ্ট-খ)-৪ (চার) ফর্দ।
- আগ্রহী কৃষক/কৃষক গুপ/কৃষি যন্ত্র সেবা প্রদানকারীর আবেদন পত্রের ছক (পরিশিষ্ট-‘গ’)-১ (এক) ফর্দ।
- আগ্রহী কৃষক/কৃষক গুপ/কৃষি যন্ত্র সেবা প্রদানকারীর তালিকা প্রেরণ ছক (পরিশিষ্ট-‘ঘ’)-১ (এক) ফর্দ।
- প্রত্যয়ন পত্রের ছক (পরিশিষ্ট-‘ঙ’)-১ (এক) ফর্দ।
- কৃষক, কৃষক গুপ/যন্ত্র সেবা প্রদানকারীর সাথে উপজেলা কৃষি কর্মকর্তার চুক্তিনামার ছক (নন-জুডিশিয়াল স্ট্যাম্প-৩০০/-) (পরিশিষ্ট-‘চ’)- ৩ (তিন) ফর্দ।
- নির্বাচিত হাওর ও দক্ষিণাঞ্চলের উপকূলীয় (Exposed) এলাকার ইউনিয়নসমূহের তালিকা (পরিশিষ্ট-‘ছ’)-৫ (পাঁচ) ফর্দ।
- উন্নয়ন সহায়তার আওতায় যন্ত্রের সাথে সরবরাহের জন্য নির্ধারিত যন্ত্রাংশের তালিকা (পরিশিষ্ট-‘জ’)-১ (এক) ফর্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
- পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
- অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, অঞ্চল, জেলা।
- উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা।
- উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি, উপজেলা, জেলা।


(মোঃ বেনজীর আলম)
প্রকল্প পরিচালক

ফোন: ০২-৫৫০২৮৪২৭

Email: mechanizationdae@gmail.com

কৃষি যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে উন্নয়ন সহায়তা প্রাপ্তির জন্য যন্ত্রভিত্তিক অগ্রাধিকার কৃষকের তালিকা

ক্রঃ নং	কৃষি যন্ত্রপাতির নাম	কৃষকের নাম ও মোবাইল নং	কৃষক গুণ/কৃষক/যন্ত্র সেবা প্রদানকারীর বিবরণ			ঠিকানা			মন্তব্য
			কৃষকের নাম ও মোবাইল নং	পিতার নাম	জাতীয় পরিচয়পত্র/উপকরণ সহায়তা কার্ড নং	গুপের নাম (প্রযোজ্য ক্ষেত্রে)	গ্রাম	ইউনিয়ন	

উপজেলা কৃষি অফিসার
স্বাক্ষর ও সীল

উপজেলা নির্বাহী অফিসার
স্বাক্ষর ও সীল

